দৈনিক
ইনকিলাব

তারিখ 31 JAN 2008
পৃষ্ঠা ১২ কলাম ৩

# কোলকাতা বইমেলায় নজর কেড়েছে বাংলাদেশ প্যাভিলিয়ন

কোলকাতা থেকে কালীপদ দাস

তিনদিন আগে ঘটা করে বইমেলা শুরু হলেও কার্যতঃ সম্পূর্ণ কোলকাতা বইমেলাকে পাওয়া গেল বৃহস্পতিবার। মেলার অসম্পূর্ণ কাজ করতে করতে কেটে গেছে ২-৩টা দিন। এবারে অংশ নিয়েছে প্রায় ৭৫০টি প্রকাশনা সংস্থা। কিন্তু অধিকাংশের স্টলের কাজ চলেছে বৃহস্পতিবার সকাল পর্যন্ত। মেলা কর্তৃপক্ষের কৈফিয়ত, দেরীতে মাঠ পাওয়ার জন্যই নাকি কাজ শেষ করতে সময় লেগেছে। এবারের বইমেলার প্রধান আকর্ষণ বাংলাদেশের প্যাভিলিয়ন। বিশ্বের সবচেয়ে বিশাল সংসদ ভবনগুলোর অন্যতম হলো বাংলাদেশের সংসদ ভবন। সেই আদলেই তৈরী করা হয়েছে বাংলাদেশের প্যাভিলিয়ন। বুধবার উদ্বোধন হলো সেই প্যাভিলিয়নের। এই প্যাভিলিয়নের পৃঃ ১১ কঃ ৭

## কোলকাতা বইমেলায়

*১২-এর পৃষ্ঠার পর*

কথা বলতে গিয়ে বাংলাদেশ উপ-হাইকমিশনের প্রথম সচিব মোনেমুল হক বললেন, এবারে বাংলাদেশের সংসদ ভবনের আদলে প্যাভিলিয়নটি করা হয়েছে। তিনি বলেন, বই নিয়ে আসা গাড়ি সীমান্তে আটকে থাকায় বুধবার পর্যন্ত স্টলে সেভাবে বই সাজানো যায় নি। বাংলাদেশ স্টলে ধর্ম, শিক্ষা, সাহিত্য, রাজনীতি, সংস্কৃতি, ইতিহাস সব ধরনের বই-ই পাওয়া যাবে।